প্রথম আলো

তারিখ 21 DEC 2017
পৃঃ ৪০ কলাম ২

## কারিগরি শিক্ষা

বাংলাদেশ জনবহুল একটি দেশ। এই বিশাল জনসংখ্যা দেশের প্রধান সম্পদ। জনসংখ্যাকে সম্পদে পরিণত করার কোনো বিকল্প নেই। এর জন্য প্রয়োজন কারিগরি শিক্ষা।

প্রতিবছর এসএসসি ও সমমানের পরীক্ষায় প্রায় ১৪ লাখ শিক্ষার্থী উত্তীর্ণ হয়। তাদের মধ্যে ১৩ লাখ শিক্ষার্থী সাধারণ কলেজে ভর্তি হয়। বাকি ১ লাখ শিক্ষার্থী কারিগরি শিক্ষায় ভর্তি হয়। এতে প্রতীয়মান হয় যে কারিগরি শিক্ষার প্রতি গুরুত্ব নেই বললেই চলে।

বেকার সমস্যার সমাধানকল্পে দেশের সার্বিক আর্থসামাজিক উন্নয়ন এবং প্রবাসী আয় বৃদ্ধির জন্য কারিগরি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনসংখ্যার প্রয়োজন বেশি।

শিক্ষার্থীদের মধ্যে সাধারণ শিক্ষায় শিক্ষিত হওয়ার প্রবণতা বেশি। সেই হারে কারিগরি শিক্ষায় শিক্ষিত হওয়ার সংখ্যা অত্যধিক কম।

উন্নত দেশগুলো কারিগরি শিক্ষাকেই বেশি গুরুত্ব দিচ্ছে এবং লাভবান হচ্ছে। কারগরি শিক্ষায় আমরা অন্যান্য উন্নত দেশের তুলনায় অনেক পিছিয়ে আছি।

সরকারের জরিপেই জানা যায়, উচ্চশিক্ষিতদের মধ্যে বেকারত্বের হার সবচেয়ে বেশি। উচ্চশিক্ষিত বেকার তৈরি না করে আমাদের উচিত দক্ষ মানবসম্পদ তৈরি করা।

তার জন্য কারিগরি শিক্ষার ওপর জোর দিতে সরকারের প্রতি দাবি জানাচ্ছি। এ ছাড়া আমাদের উপায় নেই।

**মাহতাব আলী**
মিরপুর, ঢাকা।